# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ১. ৬. ২৬. নাপাক অবস্থায় আবাস তাম্বুতে গেলে মৃত্যু

বাইবেলের পাক-নাপাকের বিধান খুবই কঠিন। অসুখগুবিসুখ, রোগব্যাধি, বীর্যপাত, মহিলাদের নিয়মিত স্রাব ইত্যাদির জন্য তো দীর্ঘদিন নাপাক থাকতে হবেই, উপরন্তু কোনো নাপাক ব্যক্তির ছোঁয়া বা থুথু লাগলে বা তার বিছানায় বসলে সারাদিন নাপাক থাকতে হবে। এরূপ নাপাক থাকা অবস্থায় কেউ আবাস-তাম্বুতে গেলে তাকে তো মরতেই হবে; উপরন্তু আবাস তাম্বু নাপাক করার অপরাধে পুরো জাতিকেই মরতে হবে: “মাবুদ মূসা ও হারুনকে বললেন, বনি-ইসরাইলদের মধ্যে আমার আবাস-তাম্বু রয়েছে। তোমরা সমস্ত নাপাকী থেকে তাদের দূরে রাখবে যাতে তারা আবাস-তাম্বুটা নাপাক করে তাদের নাপাকীর মধ্যে মারা না পড়ে।” (লেবীয় ১৫/৩১)

BibleGateway.com ওয়েবসাইটে পাঠক দেখবেন যে, অধিকাংশ আধুনিক ইংরেজি অনুবাদ আরো অনেকটা সুস্পষ্ট। কমন ইংলিশ বাইবেল (Common English Bible CEB)-এর পাঠ নিম্নরূপ:

“When any of you are unclean, you must stay away from the rest of the community of Israel. Otherwise, my sacred tent will become unclean, and the whole nation will die.” “তোমরা যখন নাপাক থাকবে তখন তোমরা অবশ্যই অবশিষ্ট বনি-ইসরাইল সমাজ থেকে দূরে থাকবে। তা নাহলে আমার পবিত্র তাঁবু নাপাক হয়ে যাবে এবং পুরো জাতিই মারা যাবে।”

গুড নিউজ ট্রানসেস্লশন (Good News Translation: GNT): “The Lord told Moses to warn the people of Israel about their uncleanness, so that they would not defile the Tent of his presence, which was in the middle of the camp. If they did, they would be killed.” “সদাপ্রভু মোশিকে বললেন, বনি-ইসরাইলের মানুষদেরকে তাদের নাপাকি বিষয়ে সতর্ক করতে, যেন তারা তাদের শিবিরের মধ্যস্থলে অবস্থিত সদাপ্রভুর উপস্থিতির তাঁবুকে নাপাক না করে। তারা এরূপ করলে তাদেরকে হত্যা করা হবে।”

Source — https://www.hadithbd.com/books/link/?id=14431

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন